
# অধ্যায় ১৩

# জরুরি পরিস্থিতি মোকাবেলা

## আলোচ্য বিষয়

- অগ্নিকাণ্ড
- বন্যা
- ভূমিকম্প

## অধ্যায়ের মূলকথা



বাংলাদেশে নানা ধরনের দুর্যোগ ঘটে। দুর্যোগগুলোর মধ্যে উল্লেখযোগ্য তিনটি হলো অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্প। অগ্নিকাণ্ড একটি ভয়াবহ দুর্যোগ। ঘরবাড়ি, শহরের বস্তি, দোকানপাট, কলকারখানা, গার্মেন্টিস এবং যানবাহনে আগুনে লেগে দুর্ঘটনা ঘটে। অগ্নিকাণ্ডে মানুষ অনেক ক্ষতিগ্রস্ত হয়। এমনকি অনেক মানুষ মারাও যায়। তাছাড়া পরিবেশেরও অনেক ক্ষতি হয়। প্রতিবছর অনেক এলাকায় বন্যা দেখা দেয়। বন্যা একটি প্রাকৃতিক দুর্যোগ। বন্যার ফলে মানবিক বিপর্যয় ঘটে এবং জরুরি পরিস্থিতির সৃষ্টি হয়। ভয়াবহ বন্যা হলে প্রয়োজনীয় শুকনো খাবার, খাবার পানি, কাপড়-চোপড় ও ঔষধপত্র নিয়ে আশ্রয়কেন্দ্রে যেতে হয়। ভূমিকম্প একটি ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ। বাংলাদেশ ভূমিকম্পের ঝুঁকির মধ্যে রয়েছে। কোনো পূর্বাভাস ছাড়াই ভূমিকম্প শুরু হয়। কোথাও শক্তিশালী ভূমিকম্প হলে সেখানকার ঘরবাড়ি, দালানকোঠা, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন লাইন ইত্যাদি ক্ষতিগ্রস্ত হয়। তাই ভূমিকম্প থেকে রক্ষা পাওয়ার জন্য বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- জরুরি পরিস্থিতিতে (অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্প) করণীয় জেনে ব্যক্তিগত ভূমিকা পালন করা।

## অধ্যায়ের শিখনফল

- অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্পের ফলে সৃষ্ট জরুরি পরিস্থিতি ব্যাখ্যা করতে পারবে।
- অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্পের ফলে জরুরি পরিস্থিতিতে নিজের করণীয় উল্লেখ করতে পারবে।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ)

বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ অগ্নিকাণ্ড

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১০০

**দলগত কাজ** (ক) ছবি দুটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই–

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১০০



ছবি-১



ছবি-২

**(১) ১নং ছবিতে কী দেখা যাচ্ছে?**
**(২) ফায়ার ব্রিগেডের লোকজন কী করছে?**
**(৩) আশপাশের লোকজন কী করছে?**
**(৪) ২নং ছবিতে কী দেখা যাচ্ছে?**

**নমুনা উত্তর**

**(১) ১নং ছবিতে কী দেখা যাচ্ছে?**

**উত্তর :** ১নং ছবিতে দেখা যাচ্ছে এক জায়গায় আগুন লেগেছে। সেখানে ফায়ার ব্রিগেড আগুন নেভানোর চেষ্টা করছে। দুজন স্বেচ্ছাসেবক একজন বৃদ্ধকে উদ্ধার করে নিয়ে যাচ্ছে।

**(২) ফায়ার ব্রিগেডের লোকজন কী করছে?**

**উত্তর :** তাঁরা পাইপ দিয়ে পানি ছিটিয়ে আগুন নেভানোর চেষ্টা করছে।

**(৩) আশপাশের লোকজন কী করছে?**

**উত্তর :** আশপাশের লোকজন ফায়ার ব্রিগেডকে আগুন নেভানোর কাজে সহায়তা করছে। আবার অনেকে বৃদ্ধদের উদ্ধার করে নিরাপদ স্থানে নিয়ে যাচ্ছে।

**(৪) ২নং ছবিতে কী দেখা যাচ্ছে?**

**উত্তর :** ২নং ছবিতে দেখা যাচ্ছে অগ্নিকাণ্ডের দোকানপাট, মালামাল মানুষের ব্যবহার্য জিনিস পুড়ে ছাই হয়ে পড়ে আছে।

**দলগত কাজ** (খ) আমার নিজ বাড়িতে কখনো আগুন লেগে গেলে করণীয় কাজের আলোকে নিচের ছকটি পূরণ করি–

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১০২

| ক্রমিক নং | নিজ বাড়িতে আগুন লেগে গেলে করণীয় |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |

**সমাধান :**

**কাজের উদ্দেশ্য :** আগুন লেগে গেলে তাৎক্ষণিক কী করতে হবে তা শিখতে পারবে।

**করণীয় :** আগুন লেগে গেলে কী করণীয় তা একটি ছকে লিখবে।

তোমাদের সুবিধার্থে নিচে একটি নমুনা ছক করে দেওয়া হলো–

**নমুনা ছক :**

| ক্রমিক নং | নিজ বাড়িতে আগুন লেগে গেলে করণীয় |
|---|---|
| ১. | প্রথমে নিজেকে আগুন থেকে রক্ষা করতে হবে। |
| ২. | প্রতিবেশীদের সাহায্য চাইতে হবে। |
| ৩. | ফায়ার সার্ভিসকে ফোন করে জানাতে হবে। |
| ৪. | জরুরি সেবার জন্য ৯৯৯ নম্বরে ফোন করতে হবে সাহায্যের জন্য। |

**একক কাজ** (গ) আমার শরীরে বা পোশাকে কখনো আগুন লেগে গেলে করণীয় কাজের আলোকে নিচের ছকটি পূরণ করি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ১০২

| ক্রমিক নং | শরীরে বা পোশাকে কখনো আগুন লেগে গেলে করণীয় |
|---|---|
| ১ | |
| ২ | |
| ৩ | |
| ৪ | |

**সমাধান :**

**কাজের উদ্দেশ্য :** শরীরে আগুন লেগে গেলে নিজেকে রক্ষা করার কৌশল প্রয়োগ করতে পারবে।

**করণীয় :** নিজ শরীর কিংবা পোশাকে আগুন লেগে গেলে করণীয় সম্পর্কে ছক পূরণ করবে।

তোমাদের বোঝার সুবিধার্থে একটি নমুনা ছক করে দেওয়া হলো–

**নমুনা ছক :**

| ক্রমিক নং | শরীরে বা পোশাকে কখনো আগুন লেগে গেলে করণীয় |
|---|---|
| ১. | দৌড়াদৌড়ি না করে মাটিতে গড়াগড়ি দিতে হবে। |
| ২. | আগুন লাগা স্থানে প্রচুর পানি ঢালতে হবে। |
| ৩. | আশপাশে বাথরুম থাকলে দ্রুত সেখান থেকে পানি এনে ঢালতে হবে। |
| ৪. | পরনের পোশাকে আগুন লেগে গেলে দ্রুত সেটা খুলে ফেলার চেষ্টা করতে হবে। |

**দলগত কাজ** (ঘ) **শ্রেণির সকলে মিলে অগ্নি নির্বাপণ মহড়া পরিচালনা করি–** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০২

**নির্দেশনা :** অগ্নি নির্বাপণ মহড়া বিষয়ে জেনে উত্তর লিখবে।

**উত্তর :** শ্রেণিশিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে শিক্ষার্থীরা মহড়া পরিচালনা করবে।

## পাঠ ২ বন্যা

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৩

**দলগত কাজ** (ক) **পাঠ্যবইয়ের ১০৩ পৃষ্ঠার কেস স্টাডিটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই–** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৩



(১) মমিনরা আশ্রয়কেন্দ্রে গেল কেন?
(২) তাঁরা প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে যেতে পারল না কেন?
(৩) মমিনদের কিছু গরু বন্যায় ভেসে গেল কেন?
(৪) আশ্রয়কেন্দ্রে খাবারের অভাব দেখা দিল কেন?
(৫) আশ্রয়কেন্দ্রে অনেকে ডায়রিয়ায় আক্রান্ত হয়েছিল কেন?

**উত্তর :**

**(১) মমিনরা আশ্রয়কেন্দ্রে গেল কেন?**
**উত্তর :** টানা এক সপ্তাহ অবিরাম বৃষ্টি হওয়ার কারণে ধানের জমি, সবজির ক্ষেত, রাস্তাঘাট সবকিছু পানির নিচে ডুবে গেল। পরিস্থিতি আরও খারাপ হওয়ার আশঙ্কায় মমিনরা আশ্রয়কেন্দ্রে গেল।

**(২) তাঁরা প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে যেতে পারল না কেন?**
**উত্তর :** প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে আসার আগেই গ্রামের উত্তরের বেড়িবাঁধ ভেঙে গ্রাম প্লাবিত হলো। তাই তাঁরা জিনিসপত্র নিয়ে যেতে পারল না।

**(৩) মমিনদের কিছু গরু বন্যায় ভেসে গেল কেন?**
**উত্তর :** মমিনরা বেড়িবাঁধের উঁচু জমিতে গরু বেঁধে রেখে এসেছিল। কিন্তু বেড়িবাঁধ ভেঙে যাওয়ায় তাঁদের কিছু গরু ভেসে গেল।

**(৪) আশ্রয়কেন্দ্রে খাবারের অভাব দেখা দিল কেন?**
**উত্তর :** গ্রামের অনেক মানুষ মমিনদের মতো আশ্রয়কেন্দ্রে গিয়ে উঠেছিল। তাছাড়া বন্যার পানিতে ফসল, সবজি ক্ষেত সব ডুবে যাওয়ায় ধীরে ধীরে খাবার সামগ্রী সীমিত হতে থাকে। তাই আশ্রয়কেন্দ্রে খাবারের অভাব দেখা দেয়।

**(৫) আশ্রয়কেন্দ্রে অনেকে ডায়রিয়ায় আক্রান্ত হয়েছিল কেন?**
**উত্তর :** বন্যায় দূষিত পানি পান করার কারণে অনেকে ডায়রিয়ায় আক্রান্ত হয়েছিল।

**দলগত কাজ** (খ) **বন্যার সময় আশ্রয়কেন্দ্রে যেতে হলে আমার নিজের কী কী জিনিসপত্র সাথে নেব? এ জিনিসপত্র কীভাবে নেব তা নিচের ছকে লিখি–** ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৪

**পাঠ্যবইয়ের ছক :**

| ক্রমিক নং | জিনিসপত্র | নেওয়ার উপায় |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |

**নির্দেশনা :** আশ্রয়কেন্দ্রে কী নেব কীভাবে নেব তা একটি ছকে লিখবে।

**উত্তর :**

| ক্রমিক নং | জিনিসপত্র | নেওয়ার উপায় |
|---|---|---|
| ১. | শুকনো খাবার, ওষধপত্র | প্লাস্টিক ব্যাগে ভরে নিতে হবে। |
| ২. | খাবার পানি | পরিষ্কার প্লাস্টিকের পাত্রে ভরে ভালো করে মুখ আটকে নিতে হবে। |
| ৩. | বইখাতা | প্লাস্টিক ব্যাগে ভরে নিতে হবে। |

জোড়ায় কাজ (গ) বন্যার সময় মা-বাবাকে কীভাবে সাহায্য করব, তার তালিকা করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৪

| ক্রমিক নং | কাজ | করার উপায় |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |

নির্দেশনা : বন্যার সময় মা ও বাবাকে কীভাবে সাহায্য করবে তা জেনে একটি তালিকা তৈরি করবে।

উত্তর :

| ক্রমিক নং | কাজ | করার উপায় |
|---|---|---|
| ১. | আশ্রয়কেন্দ্রে যাওয়ার সময় দরকারি জিনিসপত্র নেওয়া | জিনিসপত্র নেওয়ার সময় সেগুলো গোছাতে মা-বাবাকে সাহায্য করব। |
| ২. | শুকনো খাবার নেওয়া | শুকনো খাবার নেওয়ার জন্য প্লাস্টিকের ব্যাগ সংগ্রহ করে দেওয়া। |
| ৩. | পড়ার বইখাতা প্লাস্টিক ব্যাগে ভরে নেওয়া | নিজের বইখাতা ও প্রয়োজনীয় সামগ্রী নিজেই প্যাকেট করে ফেলা। |

দলগত কাজ (ঘ) আশ্রয়কেন্দ্রে কী কী করব, আর কী কী করব না, তার তালিকা করি– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৫

| ক্রমিক নং | যেসব কাজ করব | ক্রমিক নং | যেসব কাজ করব না |
|---|---|---|---|
| ১. | | ১. | |
| ২. | | ২. | |
| ৩. | | ৩. | |
| ৪. | | ৪. | |
| ৫. | | ৫. | |

নির্দেশনা : আশ্রয়কেন্দ্রে থাকতে হলে আমাদের করণীয় ও বর্জনীয় কাজগুলো একটি তালিকায় লিখবে।

উত্তর :

| ক্রমিক নং | যেসব কাজ করব | ক্রমিক নং | যেসব কাজ করব না |
|---|---|---|---|
| ১. | শুকনো খাবার যতটা সম্ভব খাওয়ার চেষ্টা করব। | ১. | একবারে বেশি খাবার খেয়ে ফেলব না। |
| ২. | যতটা সম্ভব পরিষ্কার-পরিচ্ছন্ন থাকার চেষ্টা করব। | ২. | আশ্রয়কেন্দ্রে ময়লা-আবর্জনা ফেলব না। |
| ৩. | পানি ফুটিয়ে বা ট্যাবলেট দ্বারা বিশুদ্ধ করে পান করব। | ৩. | দূষিত বা সাপ্লাইয়ের পানি সরাসরি পান করব না। |
| ৪. | শিশুদের নিরাপদে রাখার চেষ্টা করব। | ৪. | গর্ভবতী মহিলাদের দিয়ে ভারী কাজ করাব না। |
| ৫. | আশ্রয় নেওয়া সবাইকে সাহায্য করব। | ৫. | আশ্রয় নেওয়া অন্যদের সাথে ঝগড়া-বিবাদ করব না। |


## পাঠ ৩ ভূমিকম্প

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৬

দলগত কাজ (ক) ছবি দুটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই– ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৬



ছবি-১



ছবি-২

(১) ১নং ছবিতে কী দেখতে পাচ্ছ?

(২) এগুলো কীসের ছবি?

(৩) ২নং ছবিতে কী দেখতে পাচ্ছ?

(৪) ছাত্রছাত্রীরা কোথায় আশ্রয় নিচ্ছে? কেন?

উত্তর :

(১) ১নং ছবিতে কী দেখতে পাচ্ছ?

উত্তর : ১নং ছবিতে দেখা যাচ্ছে ভূমিকম্প শুরু হলে ভয়ার্ত মানুষ দিগ্বিদিক ছোটাছুটি করছে। বাড়িগুলো একটা অন্যটার উপর হেলে পড়েছে।

(২) এগুলো কীসের ছবি?

উত্তর : এগুলো ভূমিকম্পে আক্রান্ত বিভিন্ন মানুষের ছবি।

(৩) ২নং ছবিতে কী দেখতে পাচ্ছ?

উত্তর : ২নং ছবিতে দেখা যাচ্ছে ভূমিকম্প শুরু হলে শিক্ষক তার শিক্ষার্থীদের বেঞ্চের নিচে, বিমের নিচে আশ্রয় নিতে বলছেন। শিক্ষার্থীরাও শিক্ষকের পরামর্শ অনুযায়ী কাজ করছে।

(৪) ছাত্রছাত্রীরা কোথায় আশ্রয় নিচ্ছে? কেন?

উত্তর : ছাত্রছাত্রীরা বেঞ্চের নিচে, বিমের নিচে আশ্রয় নিচ্ছে। কারণ ছাদ ধসে পড়লে শক্ত বেঞ্চ তাঁদের রক্ষা করবে। আর বিমের নিচে আশ্রয় নিলে ছাদ ধসে পড়লেও তা মানুষটির সামনে পড়বে। ফলে তার আক্রান্ত হওয়ার সম্ভাবনা কম থাকবে।

**জোড়ায় কাজ** (খ) ভূমিকম্পে কী ধরনের ক্ষয়ক্ষতি হতে পারে, তার তালিকা তৈরি করি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৭

১. ..............................

২. ..............................

৩. ..............................

৪. ..............................

৫. ..............................

উত্তর :

১. ঘরবাড়ি, দালানকোঠা ধসে পড়তে পারে।

২. রাস্তাঘাট, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন লাইন ক্ষতিগ্রস্ত হতে পারে।

৩. ঘরবাড়ির নিচে চাপা পড়ে অনেক মানুষ আহত বা নিহত হতে পারে।

৪. বৈদ্যুতিক বিভ্রাট বা গ্যাস পাইপ বিস্ফোরণ ঘটে আগুন লেগে যেতে পারে।

৫. পানি ও স্যুয়ারেজের লাইন ক্ষতিগ্রস্ত হয়ে এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হতে পারে।

**দলগত কাজ** (গ) বাড়িতে ও বিদ্যালয়ে থাকাকালে ভূমিকম্প হলে কী করতে হবে এবং কী করা যাবে না তা নিচের ছকে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৭

| ক্রমিক নং | কী করতে হবে | কী করা যাবে না |
|---|---|---|
| ১. | | |
| ২. | | |
| ৩. | | |
| ৪. | | |

উত্তর :

| ক্রমিক নং | কী করতে হবে | কী করা যাবে না |
|---|---|---|
| ১. | শান্ত থাকতে হবে। | আতঙ্কিত হয়ে ছুটোছুটি করা যাবে না। |
| ২. | শক্ত টেবিল, খাট, বেঞ্চের নিচে আশ্রয় নিতে হবে। | সিঁড়ি ও লিফট ব্যবহার করা যাবে না। |
| ৩. | বিছানায় থাকলে বালিশ দিয়ে মাথা ঢাকতে হবে। | বারান্দা বা ছাদ থেকে লাফ দেওয়া যাবে না। |
| ৪. | পাকা দালানে থাকলে বিমের নিচে দাঁড়াতে হবে। | কাচের আসবাবপত্রের নিচে আশ্রয় নেওয়া যাবে না। |



**দলগত কাজ** (ঘ) ভূমিকম্প হলে কী করব শ্রেণিকক্ষে তার একটা মহড়া করি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০৭

উত্তর : শ্রেণিশিক্ষকের সহায়তায় শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে মহড়া দিবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

### পাঠ ১ অগ্নিকান্ড

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।



- ছবিতে কী দেখতে পাচ্ছ?
- কী কী কারণে আগুন লাগে বলে মনে হয়?
- আগুন লাগলে তুমি কী করবে?

**নমুনা উত্তর**

- ছবিতে কী দেখতে পাচ্ছ?

উত্তর : ছবিতে একটি ভবনে আগুন লেগেছে। অনেক মানুষ সে আগুন নেভানোর চেষ্টা করছে।

- **কী কী কারণে আগুন লাগে বলে মনে হয়?**

**উত্তর :** আগুন লাগার কয়েকটি কারণ হলো–

১. রান্নার পর চুলা বন্ধ না করা।
২. সিগারেট, বিড়ি ও দিয়াশলাইয়ের কাঠি নিভিয়ে যথাস্থানে না ফেলা।
৩. আগুন নিয়ে খেলা করা।
৪. ত্রুটিপূর্ণ গ্যাস সিলিন্ডার ব্যবহার করা।

- **আগুন লাগলে তুমি কী করবে?**

**উত্তর :** আগুন লাগলে আমি যা করব তা হলো–

❖ প্রথমে আগুন থেকে নিজেকে রক্ষা করব।
❖ আগুন লেগে গেলে সাথে সাথে প্রতিবেশীদের সাহায্য চাইব।
❖ পরনের কাপড়ে আগুন লাগলে দৌড়াদৌড়ি না করে মাটিতে গড়াগড়ি দেব।
❖ দেহের কোনো অংশ পুড়ে গেলে সেখানে প্রচুর পানি ঢালব এবং যত তাড়াতাড়ি সম্ভব চিকিৎসকের পরামর্শ নেব।
❖ ফায়ার সার্ভিসকে টেলিফোন করে অগ্নিকাণ্ডের ঘটনা জানাব।
❖ জরুরি সেবার জন্য ৯৯৯ নম্বরে ফোন করব।

**দলগত কাজ** বাড়িতে আগুন লাগলে তোমাদের করণীয় সম্পর্কে ভূমিকাভিনয় করে দেখাও।

**সমাধান :**

**নির্দেশনা :** তোমরা শ্রেণিশিক্ষকের সহায়তায় ভূমিকাভিনয় করার জন্য চরিত্রগুলো ঠিক করবে। তারপর অভিনয়ের মধ্যে কে, কী বলবে সে সম্পর্কে স্ক্রিপ্ট লিখে নেবে। শিক্ষক তোমাদেরকে স্ক্রিপ্ট বুঝিয়ে দেবেন।

তোমাদের বোঝার সুবিধার্থে একটি নমুনা ভূমিকাভিনয়ের নির্দেশনা দেওয়া হলো–

**ভূমিকাভিনয়ের জন্য যা যা প্রয়োজন–**

- দিয়াশলাই
- মোবাইল/ডামি
- সকলের অংশগ্রহণ
- চরিত্র : একজন বয়স্ক মানুষ, একজন শিক্ষার্থী, ৩ জন প্রতিবেশী ও ৪ জন ফায়ার সার্ভিসের কর্মী।

**স্ক্রিপ্ট :** (আগুন জ্বলছে এরূপ বাড়িতে একজন বয়স্ক মানুষসহ একজন শিক্ষার্থী অবস্থান করবে। বাড়িতে আগুন জ্বলছে দেখে সে অস্থির না হয়ে তার আপনজন বয়স্ক মানুষকে নিয়ে যথাসম্ভব তাড়াতাড়ি বের হবে। বের হয়ে সে তার প্রতিবেশীকে খবর দেবে এবং প্রতিবেশী এসে ৯৯৯ নম্বর ফোন দিয়ে আগুন লাগার ঘটনা জানাবে। ৩ জন শিক্ষার্থী প্রতিবেশীর অভিনয় আগুন নেভানোর চেষ্টা করবে। ৪ জন শিক্ষার্থী ফায়ার সার্ভিসের কর্মী হয়ে গাড়ি নিয়ে আসবে ও আগুন নেভাবে।)

**ভূমিকাভিনয়টি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

- আগুন লাগছে জেনে শিক্ষার্থী তার বয়স্ক আত্মীয়কে নিয়ে বের হলো কেন?
- ৯৯৯-এ ফোন দিলে কী সেবা পাওয়া যায়?
- প্রতিবেশী এসে কী করেছে?
- আশপাশের লোকজন কী করেছে?

**নমুনা উত্তর :**

- **আগুন লাগছে জেনে শিক্ষার্থী তার বয়স্ক আত্মীয়কে নিয়ে বের হলো কেন?**

**উত্তর :** বয়স্ক আত্মীয়টি একা একা বের হতে গিয়ে আগুনে পুড়ে যাওয়ার আশঙ্কা ছিল এবং বড় কোনো দুর্ঘটনার হাত থেকে বাঁচাতে শিক্ষার্থী তার বয়স্ক আত্মীয়কে নিয়ে বের হলো।

- **৯৯৯-এ ফোন দিলে কী সেবা পাওয়া যায়?**

**উত্তর :** ৯৯৯-এ ফোন দিলে ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স এবং পুলিশি সেবা পাওয়া যায়।

- **প্রতিবেশী এসে কী করেছে?**

**উত্তর :** প্রতিবেশী এসে ৯৯৯-এ ফোন করেছে এবং আগুন নেভানোর চেষ্টা করেছে।

- **আশপাশের লোকজন কী করেছে?**

**উত্তর :** আশপাশের লোকজন আগুন নেভানোর চেষ্টা করেছে।



## পাঠ ২ বন্যা

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।





- ছবিতে কী দেখতে পাচ্ছ?
- বন্যা হলে আমরা কী করি?

**নমুনা উত্তর**

- **ছবিতে কী দেখতে পাচ্ছ?**

**উত্তর :** ছবিতে বন্যাকবলিত রাস্তাঘাট, ঘরবাড়ি দেখতে পাচ্ছি।

- **বন্যার পূর্বে আমরা কী করতে পারি?**

**উত্তর :** আমরা বন্যার ক্ষয়ক্ষতি কমানোর জন্য কিছু প্রস্তুতি নিতে পারি। বন্যার ভয়াবহতা অনুযায়ী প্রয়োজনীয় শুকনো খাবার, খাবার পানি, কাপড়চোপড় ও ওষুধপত্র নিয়ে আশ্রয়কেন্দ্রে যেতে হবে। গবাদি পশুর প্রয়োজনীয় খাবারসহ বেড়িবাঁধ কিংবা কোনো উঁচু স্থানে রাখতে হবে। পড়ার বই-খাতা ও গুরুত্বপূর্ণ সামগ্রী প্লাস্টিক ব্যাগে ভরে বা নিরাপদে রাখতে হবে।

## পাঠ ৩ ভূমিকম্প

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।





- ছবিতে কী দেখতে পাচ্ছ?
- ভূমিকম্প হলে আমরা কী করি?

**নমুনা উত্তর**

- **ছবিতে কী দেখতে পাচ্ছ?**

**উত্তর :** ভূমিকম্পে বিধ্বস্ত ঘরবাড়ি দেখতে পাচ্ছি।

- **ভূমিকম্প হলে আমরা কী করি?**

**উত্তর :** ভূমিকম্প শুরু হলে আমরা আতঙ্কিত হয়ে ছুটোছুটি না করে বরং নিজেকে শান্ত রেখে শক্ত টেবিল, খাট বা এ জাতীয় আসবাবপত্রের নিচে আশ্রয় নিয়ে নিজেকে রক্ষা করি।



**দলগত কাজ** ভূমিকম্পের সময় তোমাদের করণীয় সম্পর্কে ভূমিকাভিনয় করে দেখাও।

**সমাধান :**

**নির্দেশনা :** তোমরা শ্রেণিশিক্ষকের সহায়তায় ভূমিকাভিনয় করার জন্য চরিত্রগুলো ঠিক করবে। তারপর অভিনয়ের মধ্যে কে, কী বলবে সে সম্পর্কে স্ক্রিপ্ট লিখে নেবে। শিক্ষক তোমাদেরকে স্ক্রিপ্ট বুঝিয়ে দেবেন।

**ভূমিকাভিনয়ের জন্য যা যা প্রয়োজন—**

- শক্ত কাঠের চেয়ার-টেবিল
- সকলের অংশগ্রহণ
- চরিত্র : একজন শিক্ষক ও কয়েকজন শিক্ষার্থী

**স্ক্রিপ্ট :** (এক্ষেত্রে একজন শিক্ষকের ভূমিকা পালন করবে এবং সাথে কয়েকজন শিক্ষার্থী ছাত্রের ভূমিকা পালন করবে। ছাত্ররা বলবে স্যার ভূমিকম্প শুরু হয়েছে। শিক্ষক তখন মাথার ওপর ফ্যানের দিকে তাকিয়ে দেখবেন, শিক্ষার্থীরা ঠিক বলেছে ভূমিকম্প শুরু হয়েছে। শিক্ষক ছাত্রদের নির্দেশ দেবেন, তোমরা ছুটোছুটি করবে না। শান্ত হও! ভূমিকম্প বেশি সময় থাকে না। তোমরা শক্ত বেঞ্চ, টেবিল, বিমের নিচে আশ্রয় নাও। এরপর শিক্ষক বলবেন, একটি ভূমিকম্পের পর আবারও ভূমিকম্প হতে পারে। তাই আমরা এখন নিচে যাব। তোমরা শান্ত থেকে সারিবদ্ধভাবে বাইরে বা খোলা আকাশের নিচে যাবে। তোমরা খোলা আকাশের নিচে কিছুক্ষণ অপেক্ষা করবে। তারপর আবারও শ্রেণিকক্ষে ফিরে আসবে।

**ভূমিকাভিনয়টি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

- ভূমিকম্পের সময় শিক্ষার্থীরা বেঞ্চ/টেবিল/বিমের নিচে অবস্থান নিয়েছে কেন?
- শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে বাইরে গেল কেন?
- শিক্ষক শিক্ষার্থীদের বাইরে যাওয়ার জন্য বললেন কেন?

**নমুনা উত্তর**

- **ভূমিকম্পের সময় শিক্ষার্থীরা বেঞ্চ/টেবিল/বিমের নিচে অবস্থান নিয়েছে কেন?**

**উত্তর :** ভূমিকম্পের কারণে সম্ভাব্য দুর্ঘটনার কবল থেকে রক্ষা পেতে ভূমিকম্পের সময় শিক্ষার্থীরা বেঞ্চ/ টেবিল/ বিমের নিচে অবস্থান নিয়েছে

- **শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে বাইরে গেল কেন?**

**উত্তর :** তড়িগড়ি করে বাইরে বের হতে গিয়ে যেন কোনো দুর্ঘটনা না ঘটে, তাই শিক্ষার্থীরা সারিবদ্ধভাবে বাইরে গেল।

- **শিক্ষক শিক্ষার্থীদের বাইরে যাওয়ার জন্য বললেন কেন?**

**উত্তর :** একটি ভূমিকম্পের পর আরেকটি ভূমিকম্প হতে পারে। তাই শিক্ষক শিক্ষার্থীদের বাইরে যাওয়ার জন্য বললেন।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

#### ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।

১। বাংলাদেশে নানা ধরনের দুর্যোগ ঘটে।
২। অগ্নিকান্ড একটি ভয়াবহ দুর্যোগ।
৩। অগ্নিকান্ড সম্পদের ক্ষতি করে না।
৪। অগ্নিকান্ডে পরিবেশের ক্ষতি হয়।
৫। বন্যা একটি প্রাকৃতিক দুর্যোগ।
৬। আমাদের দেশে খুব একটা বন্যা হয় না।
৭। বন্যার ফলে মানবিক বিপর্যয় ঘটে।
৮। ভূমিকম্প একটি মানবসৃষ্ট দুর্যোগ।
৯। ভূমিকম্পের সময় শান্ত থাকতে হবে।
১০। ভূমিকম্পের কিছুক্ষণ পরে আবার ভূমিকম্প হতে পারে।

**উত্তরমালা :** ১। সত্য; ২। সত্য; ৩। মিথ্যা; ৪। সত্য; ৫। সত্য; ৬। মিথ্যা; ৭। সত্য; ৮। মিথ্যা; ৯। সত্য; ১০। সত্য।

#### খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

১। বাংলাদেশে নানা ধরনের — ঘটে।
**উত্তর :** দুর্যোগ।

২। প্রাকৃতিক কারণ ছাড়াও মানবসৃষ্ট পরিবেশ দূষণের প্রভাবে অনেক সময় — ঘটে থাকে।
**উত্তর :** দুর্যোগ।

৩। — একটি ভয়াবহ দুর্যোগ।
**উত্তর :** অগ্নিকান্ড।

৪। অগ্নিকান্ড থেকে প্রথমে — করতে হবে।
**উত্তর :** নিজেকে রক্ষা।

৫। বাড়িতে আগুন লেগে গেলে সাথে সাথে — সাহায্য চাইতে হবে।
**উত্তর :** প্রতিবেশীর।

৬। পরনের কাপড়ে আগুন লাগলে দৌড়াদৌড়ি না করে — গড়াগড়ি করতে হবে।
**উত্তর :** মাটিতে।

৭। দেহের কোনো অংশ পুড়ে গেলে সেখানে প্রচুর — হবে।
**উত্তর :** পানি ঢালতে।

৮। ফায়ার সার্ভিসকে টেলিফোন করে — ঘটনা জানাতে হবে।
**উত্তর :** অগ্নিকান্ডের।

৯। জরুরি সেবা পাওয়ার জন্য — নম্বরে টেলিফোন করতে হবে।
**উত্তর :** ৯৯৯।

১০। প্রতিবছর আমাদের দেশে অনেক এলাকায় — দেখা যায়।
**উত্তর :** ভয়াবহ বন্যা।

১১। বন্যা একটি —।
**উত্তর :** প্রাকৃতিক দুর্যোগ।

১২। বন্যার সময় পড়ার বই-খাতা ও গুরুত্বপূর্ণ সামগ্রী — ভরে বা নিরাপদে রাখতে হবে।
**উত্তর :** প্লাস্টিক ব্যাগে।

১৩। — একটি ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ।
**উত্তর :** ভূমিকম্প।

১৪। বাংলাদেশ — নিশ্চিত ঝুঁকির মধ্যে রয়েছে।
**উত্তর :** ভূমিকম্পের।

১৫। কোনো পূর্বাভাস ছাড়াই যেকোনো সময় — শুরু হয়।
**উত্তর :** ভূমিকম্প।

১৬। ভূমিকম্প সাধারণত — স্থায়ী হতে পারে।
**উত্তর :** ৩০-৪০ সেকেন্ড।

১৭। ভূমিকম্পের সময় — ও — ব্যবহার করা যাবে না।
**উত্তর :** সিঁড়ি, লিফট।

১৮। ভূমিকম্পের সময় বিছানায় থাকলে — দিয়ে মাথা ঢেকে রাখতে হবে।
**উত্তর :** বালিশ।

১৯। ভূমিকম্পের সময়ে পাকা দালানে থাকলে — দাঁড়াতে হবে।
**উত্তর :** বিমের নিচে।

২০। একটি ভূমিকম্পের কিছুক্ষণ পর সেখানে আবারো — হতে পারে।
**উত্তর :** ভূমিকম্প।

২১। প্রথমবারের ভূমিকম্প থেমে গেলে ঘর থেকে বের হয়ে — আশ্রয় নিতে হবে।
**উত্তর :** খোলা জায়গায়।

২২। ভাঙা দেয়ালের নিচে চাপা পড়লে বেশি — করা যাবে না।
**উত্তর :** নড়াচড়া।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

#### ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।

**প্রশ্ন ১। বাংলাদেশে উল্লেখযোগ্য তিনটি দুর্যোগ কী কী?**
**উত্তর :** বাংলাদেশে উল্লেখযোগ্য তিনটি দুর্যোগ হলো– অগ্নিকান্ড, বন্যা ও ভূমিকম্প।

**প্রশ্ন ২। প্রাকৃতিক কারণ ছাড়াও আর কী কারণে বাংলাদেশে অনেক সময় দুর্যোগ ঘটে থাকে?**
**উত্তর :** প্রাকৃতিক কারণ ছাড়াও মানবসৃষ্ট পরিবেশ দূষণের প্রভাবে বাংলাদেশে অনেক সময় দুর্যোগ ঘটে থাকে।

**প্রশ্ন ৩। বাংলাদেশের একটি ভয়াবহ দুর্যোগ কোনটি?**
**উত্তর :** বাংলাদেশের একটি ভয়াবহ দুর্যোগ হলো ভূমিকম্প।

**প্রশ্ন ৪। অগ্নিকাণ্ড থেকে প্রথমে কী করতে হবে?**

**উত্তর :** অগ্নিকাণ্ড থেকে প্রথমে নিজেকে রক্ষা করতে হবে।

**প্রশ্ন ৫। বাড়িতে আগুন লেগে গেলে সাথে সাথে কী করতে হবে?**

**উত্তর :** বাড়িতে আগুন লেগে গেলে সাথে সাথে প্রতিবেশীদের সাহায্য চাইতে হবে।

**প্রশ্ন ৬। পরনের কাপড়ে আগুন লাগলে কী করতে হবে?**

**উত্তর :** পরনের কাপড়ে আগুন লাগলে দৌড়াদৌড়ি না করে মাটিতে গড়াগড়ি করতে হবে।

**প্রশ্ন ৭। দেহের কোনো অংশ পুড়ে গেলে কী করতে হবে?**

**উত্তর :** দেহের কোনো অংশ পুড়ে গেলে সেখানে প্রচুর পানি ঢালতে হবে।

**প্রশ্ন ৮। জরুরি সেবার জন্য আমাদের কী করতে হবে?**

**উত্তর :** জরুরি সেবার জন্য আমাদের ৯৯৯ নম্বরে টেলিফোন করতে হবে।

**প্রশ্ন ৯। বন্যার ফলে কী ঘটে?**

**উত্তর :** বন্যার ফলে মানবিক বিপর্যয় ঘটে এবং জরুরি পরিস্থিতির সৃষ্টি হয়।

**প্রশ্ন ১০। বন্যার ভয়াবহতা অনুযায়ী আমাদের কী করতে হবে?**

**উত্তর :** বন্যার ভয়াবহতা অনুযায়ী আমাদের প্রয়োজনীয় শুকনো খাবার, খাবার পানি, কাপড়-চোপড় ও ঔষধপত্র নিয়ে আশ্রয় কেন্দ্রে যেতে হবে।

**প্রশ্ন ১১। বন্যার সময় বই-খাতা ও গুরুত্বপূর্ণ সামগ্রী কোথায় রাখতে হবে?**

**উত্তর :** বন্যার সময় বই-খাতা ও গুরুত্বপূর্ণ সামগ্রী প্লাস্টিক ব্যাগে ভরে বা নিরাপদে রাখতে হবে।

**প্রশ্ন ১২। একটি ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ কোনটি?**

**উত্তর :** ভূমিকম্প একটি ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ।

**প্রশ্ন ১৩। বাংলাদেশ কোন প্রাকৃতিক দুর্যোগের নিশ্চিত ঝুঁকির মধ্যে রয়েছে?**

**উত্তর :** বাংলাদেশ ভূমিকম্পের নিশ্চিত ঝুঁকির মধ্যে রয়েছে।

**প্রশ্ন ১৪। কোন প্রাকৃতিক দুর্যোগটি কোনো পূর্বাভাস ছাড়াই যেকোনো সময় শুরু হয়?**

**উত্তর :** ভূমিকম্প কোনো পূর্বাভাস ছাড়াই যেকোনো সময় শুরু হয়।

**প্রশ্ন ১৫। ভূমিকম্প সাধারণত কতক্ষণ স্থায়ী হয়ে থাকে?**

**উত্তর :** ভূমিকম্প সাধারণত ৩০-৪০ সেকেন্ড স্থায়ী হয়ে থাকে।

**প্রশ্ন ১৬। কোথাও শক্তিশালী ভূমিকম্প হলে সেখানে কী ধরনের ক্ষয়ক্ষতি হয়?**

**উত্তর :** কোথাও শক্তিশালী ভূমিকম্প হলে সেখানকার ঘরবাড়ি, দালানকোঠা, রাস্তাঘাট, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন লাইন ইত্যাদি ক্ষতিগ্রস্ত হয়।

**প্রশ্ন ১৭। ঘরের ভিতর থাকাকালে ভূমিকম্প শুরু হলে আমাদের কী করা উচিত?**

**উত্তর :** ঘরের ভিতর থাকাকালে ভূমিকম্প শুরু হলে আমাদের আতঙ্কিত হয়ে ছুটাছুটি করে বের হওয়ার চেষ্টা করা উচিত নয়।

## পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।**

**১. বাংলাদেশে ঘটে এমন উল্লেখযোগ্য দুর্যোগ কোনটি?**

ⓚ অগ্নিকাণ্ড ⓚⓗ সুনামি
ⓖ হারিকেন ⓖⓗ টর্নেডো

**উত্তর :** (ক) অগ্নিকাণ্ড।

**২. কোন দুর্যোগের কারণে অনেক সময় মানুষ তার প্রয়োজনীয় শেষ সম্পদটুকু হারিয়ে নিঃস্ব হয়ে যায়?**

(ক) ভূমিকম্প (খ) ঝড়
(গ) খরা (ঘ) অগ্নিকাণ্ড

**উত্তর :** (ঘ) অগ্নিকাণ্ড।

**৩. নিচের কোনটি আগুন লাগার কারণ?**

(ক) রান্নার পর চুলা ভালোভাবে বন্ধ করা
(খ) বাসায় ব্যবহৃত সিলিন্ডার গ্যাস নিয়মিত পরীক্ষা করা
(গ) আগুন নিয়ে খেলা করা
(ঘ) বৈদ্যুতিক ফিটিংসসমূহ নিয়মিত পরীক্ষা করা

**উত্তর :** (গ) আগুন নিয়ে খেলা করা।

**৪. জরুরি সেবার জন্য টেলিফোন নম্বর কোনটি?**

(ক) ১২৩ (খ) ১২১
(গ) ৯৯৯ (ঘ) ২৪৭

**উত্তর :** (গ) ৯৯৯।

**৫. ফায়ার সার্ভিসকে ডাকা হয় কোন দুর্যোগ মোকাবেলার জন্য?**

(ক) খরা (খ) ভূমিকম্প
(গ) অগ্নিকাণ্ড (ঘ) নদীভাঙন

**উত্তর :** (গ) অগ্নিকাণ্ড।

**৬. বন্যাকে নিয়ন্ত্রণ করা যায় না কেন?**

(ক) মানবসৃষ্ট দুর্যোগ বলে (খ) কৃত্রিম দুর্যোগ বলে
(গ) প্রাকৃতিক দুর্যোগ বলে (ঘ) সাধারণ দুর্যোগ বলে

**উত্তর :** (গ) প্রাকৃতিক দুর্যোগ বলে।

**৭. বন্যার ফলে কোন বিপর্যয় ঘটে?**

(ক) মানবিক (খ) মানসিক
(গ) রাজনৈতিক (ঘ) অমানবিক

**উত্তর :** (ক) মানবিক।

**৮. বন্যার সময় গবাদি পশুর প্রয়োজনীয় খাবারসহ কোথায় রাখতে হবে?**

(ক) নিচু স্থানে (খ) যেখানে-সেখানে
(গ) উঁচু স্থানে (ঘ) মাঠে

**উত্তর :** (গ) উঁচু স্থানে।

**৯. বাংলাদেশ কোন দুর্যোগের নিশ্চিত ঝুঁকির মধ্যে আছে?**

(ক) বন্যা (খ) খরা
(গ) অগ্নিকাণ্ড (ঘ) ভূমিকম্প

**উত্তর :** (ঘ) ভূমিকম্প।

**১০. কোনো পূর্বাভাস ছাড়াই কোন দুর্যোগ ঘটে থাকে?**

(ক) বন্যা (খ) ঘূর্ণিঝড়
(গ) বজ্রবৃষ্টি (ঘ) ভূমিকম্প

**উত্তর :** (ঘ) ভূমিকম্প।

১১. ভূমিকম্প শুরু হলে কী করা উচিত?
ক ছোটাছুটি করা খ ছাদ থেকে লাফ দেওয়া
গ শান্ত থাকা ঘ আওতাভুক্ত হওয়া
উত্তর : (গ) শান্ত থাকা।

১২. ভূমিকম্প থেমে গেলে কোথায় আশ্রয় নিতে হবে?
ক ঘরের ভিতর খ বিল্ডিংয়ের নিচে
গ উঁচু দালানের আশপাশে ঘ খোলা জায়গায়
উত্তর : (ঘ) খোলা জায়গায়।

**ঘ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।**

**প্রশ্ন ১। দুর্যোগের দুটি প্রাকৃতিক কারণ উল্লেখ কর।**
উত্তর : দুর্যোগের দুটি প্রাকৃতিক কারণ হলো—
১. প্রাকৃতিক বা ভৌগোলিক অবস্থান এবং
২. জলবায়ুগত অবস্থা।

**প্রশ্ন ২। দুর্যোগের দুটি মানবসৃষ্ট কারণ উল্লেখ কর।**
উত্তর : দুর্যোগের দুটি মানবসৃষ্ট কারণ হলো—
১. অধিক হারে বৃক্ষ নিধন এবং
২. শিল্পকলকারখানা ও যানবাহনের ধোঁয়া।

**প্রশ্ন ৩। বাংলাদেশের প্রধান দুর্যোগগুলো লেখ।**
উত্তর : বাংলাদেশের প্রধান দুর্যোগগুলো হলো—
১. অগ্নিকাণ্ড,
২. বন্যা ও
৩. ভূমিকম্প।

**প্রশ্ন ৪। অগ্নিকাণ্ড প্রতিরোধে করণীয় কী কী?**
উত্তর : অগ্নিকাণ্ড প্রতিরোধে করণীয় হলো—
১. রান্নার পর চুলা বন্ধ করা।
২. সিগারেট, বিড়ি ও দিয়াশলাইয়ের কাঠি নিভিয়ে যথাস্থানে ফেলা।
৩. আগুন নিয়ে খেলাধুলা না করা।

**প্রশ্ন ৫। বন্যা প্রতিরোধে করণীয় সম্পর্কে লেখ।**
উত্তর : বন্যা প্রতিরোধে করণীয় হলো—
১. নদীর তীরে বাঁধ তৈরি করা।
২. বন্যায় সতর্কতা অবলম্বনের জন্য নানা ধরনের প্রস্তুতি নেওয়া।
৩. নদীতীরে অধিক হারে বৃক্ষরোপণ করা।
৪. অপরিকল্পিত বাঁধ নির্মাণ করে জলাবদ্ধতা সৃষ্টি না করা।

**প্রশ্ন ৬। বন্যার প্রভাব বা ফলাফল লেখ।**
উত্তর : বন্যার প্রভাব বা ফলাফল হলো—
১. বন্যার ফলে মানুষের জীবন, ফসল, বাড়িঘর এবং রাস্তাঘাটের অনেক ক্ষতি হয়।
২. বন্যার কারণে বিশুদ্ধ পানির অভাবে নানা রোগ ছড়ায়।
৩. অসংখ্য দরিদ্র মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে।
৪. বন্যার কারণে আবাদি জমির ফসল নষ্ট হয়।

**প্রশ্ন ৭। বাংলাদেশের প্রধান ভূমিকম্পপ্রবণ এলাকা কোনগুলো?**
উত্তর : বাংলাদেশের প্রধান ভূমিকম্পপ্রবণ এলাকা হচ্ছে— সিলেট বিভাগসহ নেত্রকোনা, শেরপুর, কুড়িগ্রাম, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, জামালপুর, গাইবান্ধা, রংপুর ও লালমনিরহাট জেলার অংশবিশেষ সবচেয়ে ঝুঁকিপূর্ণ এলাকার মধ্যে রয়েছে।

**প্রশ্ন ৮। ভূমিকম্পের সময় কোথায় অবস্থান নিতে হবে?**
উত্তর : ভূমিকম্পের সময় শক্ত টেবিল, খাট, বিম বা এ জাতীয় শক্ত জিনিসের নিচে আশ্রয় নিতে হবে।

**প্রশ্ন ৯। ভূমিকম্পের সময় কীভাবে বাইরে যেতে হবে?**
উত্তর : ভূমিকম্পের সময় ছোটোছুটি বা তাড়াহুড়া না করে সারিবদ্ধভাবে বাইরে যেতে হবে।

**প্রশ্ন ১০। ভূমিকম্পের ঝুঁকি মোকাবিলায় করণীয় কী কী?**
উত্তর : ভূমিকম্পের ঝুঁকি মোকাবিলায় করণীয় হলো—
১. পুরাপুরি শান্ত থাকতে হবে। ছোটাছুটি করা যাবে না।
২. বিছানায় থাকলে বালিশ দিয়ে মাথা ঢেকে রাখতে হবে।
৩. কাঠের টেবিল বা শক্ত কোনো আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে।
৪. আলমারি, জানালা বা ঝুলানো ছবি থেকে দূরে থাকতে হবে।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**ক বাম পাশের বাক্যাংশের সাথে ডানপাশের বাক্যাংশ মিল করে লেখ।**

**প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) বাংলাদেশে নানা ধরনের | জরুরি পরিস্থিতির সৃষ্টি হয়। |
| (খ) বাংলাদেশের প্রধান প্রধান দুর্যোগ হলো | ফায়ার ব্রিগেডকে জানাব। |
| (গ) দুর্যোগের কারণে | দুর্যোগ ঘটে। |
| (ঘ) সম্পদের প্রচুর ক্ষতি হয় | আশপাশের লোকজন। |
| (ঙ) অগ্নিকাণ্ড ঘটলে | অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্প। |
| | নিঃস্ব হয়ে যায়। |
| | দুর্যোগের কারণে। |

উত্তরমালা :
(ক) বাংলাদেশে নানা ধরনের দুর্যোগ ঘটে।
(খ) বাংলাদেশের প্রধান প্রধান দুর্যোগ হলো অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্প।
(গ) দুর্যোগের কারণে জরুরি পরিস্থিতির সৃষ্টি হয়।
(ঘ) সম্পদের প্রচুর ক্ষতি হয় দুর্যোগের কারণে।
(ঙ) অগ্নিকাণ্ড ঘটলে ফায়ার ব্রিগেডকে জানাব।

**প্রশ্ন ২। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) অগ্নিকাণ্ডের কারণে | উচিত নয়। |
| (খ) রান্নার পর চুলা | অগ্নিকাণ্ডের কথা জানাতে হবে। |
| (গ) আগুন নিয়ে খেলা করা | ত্রুটিপূর্ণ বৈদ্যুতিক যন্ত্রপাতি। |
| (ঘ) ফায়ার সার্ভিসকে টেলিফোন করে | পরিবেশের অনেক ক্ষতি হয়। |
| (ঙ) জরুরি সেবার জন্য | নিজেকে রক্ষা করতে হবে। |
| | ভালোভাবে বন্ধ করতে হবে। |
| | ৯৯৯ নম্বরে টেলিফোন করতে হবে। |

**উত্তরমালা :**

(ক) অগ্নিকাণ্ডের কারণে **পরিবেশের অনেক ক্ষতি হয়।**
(খ) রান্নার পর চুলা **ভালোভাবে বন্ধ করতে হবে।**
(গ) আগুন নিয়ে খেলা করা **উচিত নয়।**
(ঘ) ফায়ার সার্ভিসকে টেলিফোন করে **অগ্নিকাণ্ডের কথা জানাতে হবে।**
(ঙ) জরুরি সেবার জন্য **৯৯৯ নম্বরে টেলিফোন করতে হবে।**

**প্রশ্ন ৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) বন্যার সময় | বন্যা দেখা দেয়। |
| (খ) বন্যার সময় ডায়রিয়াসহ | গবাদি পশু। |
| (গ) প্রতিবছর আমাদের দেশে | খাবার ও বিশুদ্ধ পানি অভাব দেখা দেয়। |
| (ঘ) বন্যা একটি | বন্যার একটি প্রধান কারণ। |
| (ঙ) অতিরিক্ত বৃষ্টিপাত | নিরাপদে রাখতে হবে। |
| | অনেক রোগ ছড়িয়ে পড়ে। |
| | প্রাকৃতিক দুর্যোগ। |

**উত্তরমালা :**

(ক) বন্যার সময় **খাবার ও বিশুদ্ধ পানির অভাব দেখা দেয়।**
(খ) বন্যার সময় ডায়রিয়াসহ **অনেক রোগ ছড়িয়ে পড়ে।**
(গ) প্রতিবছর আমাদের দেশে **বন্যা দেখা দেয়।**
(ঘ) বন্যা একটি **প্রাকৃতিক দুর্যোগ।**
(ঙ) অতিরিক্ত বৃষ্টিপাত **বন্যার একটি প্রধান কারণ।**

**প্রশ্ন ৪। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) ভূমিকম্প একটি | কোনো পূর্বাভাস ছাড়াই সংঘটিত হয়। |
| (খ) বাংলাদেশ | ছুটাছুটি করা যাবে না। |
| (গ) ভূমিকম্প | ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ। |
| (ঘ) সাধারণত ৩০-৪০ সেকেন্ড | টেলিফোন লাইন। |
| (ঙ) ভূমিকম্পের সময় | ভূমিকম্প ঝুঁকির মধ্যে রয়েছে। |
| | অ্যাম্বুলেন্স। |
| | ভূমিকম্প স্থায়ী হয়। |

**উত্তরমালা :**

(ক) ভূমিকম্প একটি **ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ।**
(খ) বাংলাদেশ **ভূমিকম্প ঝুঁকির মধ্যে রয়েছে।**
(গ) ভূমিকম্প **কোনো পূর্বাভাস ছাড়াই সংঘটিত হয়।**
(ঘ) সাধারণত ৩০-৪০ সেকেন্ড **ভূমিকম্প স্থায়ী হয়।**
(ঙ) ভূমিকম্পের সময় **ছুটাছুটি করা যাবে না।**

## ঘ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। বিশেষ করে কোন মৌসুমে আগুন লাগার ঘটনা বেশি ঘটে? আগুন লাগার চারটি কারণ উল্লেখ কর।**

**উত্তর :** বিশেষ করে শুষ্ক মৌসুমে আগুন লাগার ঘটনা বেশি ঘটে।

আগুন লাগার চারটি কারণ হলো—

১. রান্নার পর চুলার আগুন সম্পূর্ণ নিভিয়ে না দিলে।
২. সিগারেট, বিড়ি, হুক্কার আগুন থেকে।
৩. ঘরে কুপি, মোমবাতি, মশার কয়েল জ্বালিয়ে রাখলে।
৪. শিশুরা আগুন নিয়ে খেলা করলে।

**প্রশ্ন ২। বাংলাদেশের উল্লেখযোগ্য দুর্যোগগুলোর নাম লেখ। অগ্নিকাণ্ড প্রতিরোধে করণীয় কী কী?**

**উত্তর :** বাংলাদেশের উল্লেখযোগ্য দুর্যোগগুলো হলো—

১. অগ্নিকাণ্ড,
২. বন্যা ও
৩. ভূমিকম্প।

অগ্নিকাণ্ড প্রতিরোধে করণীয় হলো—

১. রান্নার পর চুলা বন্ধ করা।
২. সিগারেট, বিড়ি ও দিয়াশলাইয়ের কাঠি নিভিয়ে যথাস্থানে ফেলা।
৩. আগুন নিয়ে খেলাধুলা না করা।

**প্রশ্ন ৩। বন্যা কী? বন্যা কেন হয়? বন্যা প্রতিরোধে চারটি করণীয় লেখ।**

**উত্তর :** বন্যা একটি প্রাকৃতিক দুর্যোগ।

অতিবৃষ্টি ও পাহাড়ি ঢলের কারণে বন্যা হয়।

বন্যা প্রতিরোধে চারটি করণীয় হলো—

১. নদীর তীরে বাঁধ তৈরি করা।
২. বন্যায় সতর্কতা অবলম্বনের জন্য নানা ধরনের প্রস্তুতি নেওয়া।
৩. নদীতীরে অধিক হারে বৃক্ষরোপণ করা।
৪. অপরিকল্পিত বাঁধ নির্মাণ করে জলাবদ্ধতা সৃষ্টি না করা।

**প্রশ্ন ৪। বাংলাদেশে বন্যা হওয়ার মূল কারণ কী? বন্যার প্রভাব সম্পর্কে চারটি বাক্য লেখ।**

**উত্তর :** বাংলাদেশে বন্যা হওয়ার মূল কারণ হলো এর ভৌগোলিক অবস্থান এবং প্রাকৃতিক বৈশিষ্ট্য।

বন্যার প্রভাব সম্পর্কে চারটি বাক্য হলো—

১. বন্যার ফলে মানুষের জীবন, ফসল, বাড়িঘর এবং রাস্তাঘাটের অনেক ক্ষতি হয়।
২. বন্যার কারণে বিশুদ্ধ পানির অভাবে নানা রোগ ছড়ায়।
৩. অসংখ্য দরিদ্র মানুষ আশ্রয়হীন হয়ে পড়ে।
৪. বন্যার কারণে আবাদি জমির ফসল নষ্ট হয়।

**প্রশ্ন ৫। ভূমিকম্প কী? বাংলাদেশ ভূমিকম্প ঝুঁকির মধ্যে রয়েছে কেন? ভূমিকম্পের ঝুঁকি মোকাবেলায় চারটি করণীয় লেখ।**

**উত্তর :** ভূঅভ্যন্তরে আকস্মিক ও ক্ষণস্থায়ী কম্পন হলো ভূমিকম্প। ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশ ভূমিকম্প ঝুঁকির মধ্যে রয়েছে।

ভূমিকম্পের ঝুঁকি মোকাবেলায় চারটি করণীয় হলো—

১. পুরাপুরি শান্ত থাকতে হবে। ছোটাছুটি করা যাবে না।
২. বিছানায় থাকলে বালিশ দিয়ে মাথা ঢেকে রাখতে হবে।
৩. কাঠের টেবিল বা শক্ত কোনো আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে হবে।
৪. আলমারি, জানালা বা ঝোলানো ছবি থেকে দূরে থাকতে হবে।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • অগ্নিকাণ্ড, বন্যা ও ভূমিকম্প সম্পর্কে ধারণা বলতে পেরেছে | | | |
| | • ভূমিকম্পের কারণ ও ক্ষয়ক্ষতি সম্পর্কে বলতে পেরেছে | | | |
| | • বন্যার কারণ ও ক্ষয়ক্ষতি সম্পর্কে বলতে পেরেছে | | | |
| দক্ষতা | • অগ্নিকাণ্ডের কারণ ও ক্ষয়ক্ষতি সম্পর্কে বর্ণনা করতে পেরেছে | | | |
| | • ভূমিকম্পের কারণ ও ক্ষয়ক্ষতি সম্পর্কে বর্ণনা করতে পেরেছে | | | |
| | • বন্যার কারণ ও ক্ষয়ক্ষতি সম্পর্কে বর্ণনা করতে পেরেছে | | | |
| দৃষ্টিভঙ্গি | • অগ্নিকাণ্ডের কারণ জেনে তা প্রতিরোধের উপায় উপলব্ধি করেছে | | | |
| | • বন্যার কারণ জেনে এর ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষা পাওয়ার উপায় উপলব্ধি করেছে | | | |
| | • ভূমিকম্প থেকে রক্ষা পাওয়ার জন্য সতর্কতা অবলম্বনের পদ্ধতি উপলব্ধি | | | |
| মূল্যবোধ | • শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে। | | | |
| | • অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ...............

শিক্ষার্থীর নাম : ............................................ শ্রেণি : ............................................ রোল নম্বর : ☐

১। পাঠ্যবইয়ের ১০৩ পৃষ্ঠার কেস স্টাডিটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দিই—



(১) মমিনরা আশ্রয়কেন্দ্রে গেল কেন?
(২) তাঁরা প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে যেতে পারল না কেন?
(৩) মমিনদের কিছু গরু বন্যায় ভেসে গেল কেন?
(৪) আশ্রয়কেন্দ্রে খাবারের অভাব দেখা দিল কেন?
(৫) আশ্রয়কেন্দ্রে অনেকে ডায়রিয়ায় আক্রান্ত হয়েছিল কেন?

২। ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।



- ছবিতে কী দেখতে পাচ্ছ?
- কী কী কারণে আগুন লাগে বলে মনে হয়?
- আগুন লাগলে তুমি কী করবে?

৩। নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।

(ক) প্রাকৃতিক কারণ ছাড়াও মানবসৃষ্ট পরিবেশ দূষণের প্রভাবে অনেক সময় — ঘটে থাকে।
(খ) দেহের কোনো অংশ পুড়ে গেলে সেখানে প্রচুর — হবে।
(গ) ফায়ার সার্ভিসকে টেলিফোন করে — ঘটনা জানাতে হবে।
(ঘ) ভূমিকম্পের সময় বিছানায় থাকলে — দিয়ে মাথা ঢেকে রাখতে হবে।
(ঙ) প্রথমবারের ভূমিকম্প থেমে গেলে ঘর থেকে বের হয়ে — আশ্রয় নিতে হবে।

### উত্তরমালা

১। ১৩৬ পৃষ্ঠার ২নং পাঠের দলগত কাজ (ক) দ্রষ্টব্য।

২। ১৩৮ পৃষ্ঠার ১নং পাঠের একক কাজ (খ) দ্রষ্টব্য।

৩। (ক) দুর্যোগ; (খ) পানি ঢালতে; (গ) অগ্নিকাণ্ডের; (ঘ) বালিশ; (ঙ) খোলা জায়গায়।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐

# শব্দভান্ডার

| | |
|---|---|
| বৈচিত্র্য | বিভিন্নতা |
| অনাবৃষ্টি | অপর্যাপ্ত বৃষ্টি |
| কৃষি খামার | যেখানে কৃষিপণ্য উৎপাদন করা হয় |
| পরিবহণ | এক স্থান থেকে অন্য স্থানে পণ্য আনা-নেওয়া |
| সংরক্ষণ | রক্ষা ও পালন |
| জলজ | যা জলে জন্মে |
| সম্প্রীতি | মিলেমিশে চলার মতো আচরণ |
| সহপাঠী | একই শ্রেণিতে পাঠরত শিক্ষার্থী |
| পর্যবেক্ষণ | খুঁটিয়ে খুঁটিয়ে দেখা |
| কেস স্টাডি | কোনো ঘটনার বিবরণ |
| অধিকার | মানুষ হিসেবে যা আমাদের প্রাপ্য |
| বেরিবেরি | এক ধরনের রোগ |
| সংযোজন | যুক্ত করা |
| তথ্য | আসল ঘটনা বা অবস্থা |
| রাষ্ট্রভাষা | কোনো দেশের সংবিধান স্বীকৃত ভাষা |
| আন্তর্জাতিক | সকল জাতি বা রাষ্ট্রের মধ্যে প্রচলিত |
| মালভূমি | চারপাশে খাড়া ঢালযুক্ত বিস্তীর্ণ ভূমি |
| ভূমিকাভিনয় | অভিনয়ের মাধ্যমে কোনো চরিত্রকে ফুটিয়ে তোলা |
| মুক্তিবাহিনী | দেশের মুক্তির জন্য ১৯৭১ সালে সাধারণ মানুষ ও সামরিক বাহিনীর সমন্বয়ে গঠিত বাহিনী যাঁরা মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন |
| রাজাকার | ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের বিরোধী ও যুদ্ধরত পাকিস্তানি সামরিক বাহিনীকে সহায়তাকারী |
| আলবদর | ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের বিরোধী, সন্ত্রাস সৃষ্টিকারী এবং বুদ্ধিজীবী ও রাজনৈতিক হত্যাকাণ্ড পরিচালনাকারী |
| নাগরিক | একটি নির্দিষ্ট দেশে বসবাসকারী ব্যক্তি |
| প্রবীণ | বৃদ্ধ |
| সুরক্ষা | সবরকম বিপদ-আপদ থেকে মুক্ত রাখা |
| হেল্পডেস্ক | যেখান থেকে সহায়তা পাওয়া যায় |
| হেল্পলাইন | যার মাধ্যমে ফোন করে জরুরি সেবা পাওয়া যায় |
| অবস্থাপন্ন | সম্পদশালী |
| পথ্য | রোগীর জন্য উপযুক্ত খাবার |
| সঞ্চয়ী | যে সঞ্চয় করে |
| অগ্নিনির্বাপণ | আগুন নিভানো |
| আশ্রয়কেন্দ্র | প্রাকৃতিক দুর্যোগে যেখানে মানুষ আশ্রয় নেয় |
| আবহাওয়া | কোনো স্থানের স্বল্প সময়ের গড় তাপমাত্রা ও বৃষ্টিপাত |
| অর্থকরী ফসল | যেসব কৃষিপণ্য রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করা হয় |
| রপ্তানি | বিক্রির জন্য পণ্য বিদেশে প্রেরণ |

যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রমে জ্ঞান, দক্ষতা, মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি যাচাই উপযোগী

# ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন-০১** সময় : ..............

শিক্ষার্থীর নাম : ........................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। কোন ঋতুতে কোন ফল পাওয়া যায় তা নিচের শব্দ-ছক থেকে খুঁজে বের করে লিখি— .

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ব | আ | ম | র | ফ | ম |
| লি | চু | জ | ক | লা | ন |
| পেঁ | পে | ড় | ব | র | ই |
| ক | ম | লা | স | ই | ত |
| জা | ম | চ | কাঁ | ঠা | ল |

| গ্রীষ্ম ঋতু | শীত ঋতু | সকল ঋতু |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

২। সত্য/মিথ্যা নির্ণয় কর।

(ক) প্রাকৃতিক পরিবেশের উপাদানগুলোর মধ্যে বৈচিত্র্য রয়েছে।

(খ) পৃথিবীর অনেক অঞ্চলে মরুভূমি রয়েছে।

(গ) বাংলাদেশে সারা বছর একই রকম তাপমাত্রা থাকে।

(ঘ) অতিবৃষ্টির কারণে কখনো কখনো বন্যা হয়।

(ঙ) বুদ্ধদের প্রধান ধর্মীয় উৎসব বুদ্ধপূর্ণিমা।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লিখ :

(ক) বাংলাদেশে কখন প্রচুর বৃষ্টিপাত হয়?

(খ) বাংলাদেশে কী কারণে খরা হয়?

(গ) বাংলাদেশের বিস্তীর্ণ সমতল ভূমিতে আমরা কী করি?

৪। নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ :

(ক) প্রাকৃতিক পরিবেশ কী? প্রাকৃতিক পরিবেশের উপাদানগুলো কেমন? প্রাকৃতিক পরিবেশের চারটি উপাদান লেখ।

(খ) গাছপালা কেন প্রয়োজন? আমরা কোথায় ময়লা-আবর্জনা ফেলব? পরিবেশ দূষিত হওয়ার চারটি কারণ লেখ।

**উত্তরমালা**

১। ৭ পৃষ্ঠার (খ) উত্তর দ্রষ্টব্য।

২। (ক) সত্য; (খ) সত্য; (গ) মিথ্যা; (ঘ) সত্য; (ঙ) সত্য।

৩। (ক) বাংলাদেশে বর্ষাকালে প্রচুর বৃষ্টিপাত হয়।

(খ) বাংলাদেশে অনাবৃষ্টির কারণে খরা হয়।

(গ) বাংলাদেশের বিস্তীর্ণ সমতল ভূমিতে আমরা নানা ধরনের ফসল ফলাই।

৪। (ক) ১২ পৃষ্ঠার ১নং উত্তর দ্রষ্টব্য।

(খ) ১২ পৃষ্ঠার ২নং উত্তর দ্রষ্টব্য।

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন-০২** সময় : ..............

শিক্ষার্থীর নাম : ........................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব সম্পর্কে তিনটি বাক্য তৈরি করি—

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |

২। সংক্ষেপে উত্তর লেখ :

(ক) কত তারিখে আমরা শহিদ দিবস পালন করি?

(খ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোনটি?

(গ) মুক্তিযুদ্ধ কয় মাস স্থায়ী হয়েছিল?

৩। শূন্যস্থান পূরন কর :

(ক) আমাদের মাতৃভাষা —।

(খ) আমরা — হিসেবে পোশাক পরিধান করে থাকি।

(গ) বাংলাদেশের মানুষ জন্মগতভাবেই —।

(ঘ) বাংলাদেশের মানুষের নিকট — খুব জনপ্রিয়।

(ঙ) বাংলাদেশের প্রধান সামাজিক উৎসব হচ্ছে —।

৪। নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

(ক) বাঙালি সংস্কৃতির চারটি উপাদানের নাম লেখ। বাঙালি সংস্কৃতির উপাদানগুলোর মধ্যে কোনটি তোমার সবচেয়ে পছন্দের?

(খ) নবান্ন কী? নবান্ন সম্পর্কে চারটি বাক্য লেখ।

**উত্তরমালা**

১। ৩৪ পৃষ্ঠার (গ) উত্তর দ্রষ্টব্য।

২। (ক) আমরা ২১শে ফেব্রুয়ারি শহিদ দিবস পালন করি।

(খ) ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

(গ) মুক্তিযুদ্ধ প্রায় ৯ মাস স্থায়ী হয়েছিল।

৩। (ক) বাংলা; (খ) সামাজিক জীব; (গ) ভোজনরসিক; (ঘ) সংগীত; (ঙ) বাংলা নববর্ষ।

৪। (ক) ৫৫ পৃষ্ঠার ১নং উত্তর দ্রষ্টব্য।

(খ) ৫৫ পৃষ্ঠার ২নং উত্তর দ্রষ্টব্য।

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন-০৩** সময় : ...............

শিক্ষার্থীর নাম : ........................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। নিচে দেওয়া তালিকা থেকে মহাদেশ ও মহাসাগরের নাম খুঁজে বের করে ছকে তালিকা তৈরি করি–

এন্টার্কটিকা, প্রশান্ত, অস্ট্রেলিয়া, ভারত, আটলান্টিক, এশিয়া, আফ্রিকা, দক্ষিণ।

| মহাদেশ | মহাসাগর |
|---|---|
| | |
| | |
| | |
| | |

২। সঠিক উত্তরে টিক (✓) চিহ্ন দাও।

(১) পৃথিবীর উত্তর-দক্ষিণে কিছুটা–
ক লম্বাকার খ ডিম্বাকার গ চাপা ঘ বাঁকা

(২) পৃথিবীর সবচেয়ে বড়ো মহাদেশ কোনটি?
ক আফ্রিকা খ আমেরিকা গ এশিয়া ঘ ইউরোপ

(৩) পৃথিবীতে মোট কতটি মহাসাগর আছে?
ক চারটি খ দুটি গ পাঁচটি ঘ তিনটি

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

(ক) পৃথিবী দেখতে কেমন?

(খ) পৃথিবীতে মোট কয়টি মহাসাগর রয়েছে?

৪। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) পৃথিবী সৌরজগতের | উত্তর ও দক্ষিণে কিছুটা চাপা। |
| (খ) পৃথিবী দেখতে গোলাকার তবে | এক ভাগ স্থলভাগ। |
| (গ) পৃথিবীর উপরিভাগে | সাতটি মহাদেশে ভাগ করা হয়েছে। |
| (ঘ) পৃথিবীর চার ভাগের | একটি গ্রহ। |
| (ঙ) পৃথিবীর স্থলভাগকে | আছে স্থলভাগ ও জলভাগ। |
| | রয়েছে অনেক দেশ। |
| | পর্বত ও মরুভূমি নিয়ে গঠিত। |

**উত্তরমালা**

১। ৬০ পৃষ্ঠার (গ) উত্তর দ্রষ্টব্য।

২। (১) গ চাপা; (২) গ এশিয়া; (৩) গ পাঁচটি।

৩। (ক) পৃথিবী দেখতে গোলাকার, তবে উত্তর-দক্ষিণে কিছুটা চাপা।
(খ) পৃথিবীতে মোট পাঁচটি মহাসাগর রয়েছে।

৪। (ক) পৃথিবী সৌরজগতের একটি গ্রহ।
(খ) পৃথিবী দেখতে গোলাকার তবে উত্তর ও দক্ষিণে কিছুটা চাপা।
(গ) পৃথিবীর উপরিভাগে আছে স্থলভাগ ও জলভাগ।
(ঘ) পৃথিবীর চার ভাগের এক ভাগ স্থলভাগ।
(ঙ) পৃথিবীর স্থলভাগকে সাতটি মহাদেশে ভাগ করা হয়েছে।

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন-০৪** সময় : ...............

শিক্ষার্থীর নাম : ........................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। ছবিটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর বলি–



(১) ছবিতে বৃদ্ধা মহিলা কী করছেন?

(২) মেয়েশিশুটি কী করছে?

(৩) ছেলেশিশুটি কী করছে?

(৪) বৃদ্ধা মহিলার সাথে ছেলে এবং মেয়েটির সম্পর্ক কী হতে পারে?

২। নিচের পণ্যগুলোকে কৃষিজাত ও শিল্পজাত শিরোনামে শ্রেণিকরণ করি–

ডাল, সাবান, টুথপেস্ট, ধান, শাড়ি, লুঙ্গি, পাট, মাছ, চিনি, সরিষা, সার, কলা, কাগজ, সবজি, বিস্কুট, গম

৩। শূন্যস্থান পূরণ কর :

(ক) — আমাদের মাতৃভূমি।

(খ) শিল্প থেকে প্রাপ্ত পণ্যই হলো —।

(গ) বর্তমানে — বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ শিল্প।

(ঘ) বাংলাদেশের আয়তনের তুলনায় — অনেক বেশি।

(ঙ) বাংলাদেশের মোট আয়তন — বর্গকিলোমিটার।

৪। নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

(ক) কৃষিজাত পণ্য কী? বাংলাদেশের প্রধান কৃষিজাত পণ্য কী কী? কী কী পণ্য রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জিত হয়?

(খ) জনসংখ্যার ঘনত্ব কাকে বলে? অতিরিক্ত জনসংখ্যার চারটি কুফল লেখ।

**উত্তরমালা**

১। (১) অসুস্থ অবস্থায় শুয়ে আছেন; (২) বৃদ্ধাকে ওষুধ খাওয়াচ্ছে; (৩) ওষুধ খাওয়ার জন্য বৃদ্ধাকে পানি দিচ্ছে; (৪) বৃদ্ধাটি হতে পারেন শিশু দুটির দাদি বা নানি, আর শিশু দুটি তার নাতি-নাতনি।

২। ১০৩ পৃষ্ঠার (গ) উত্তর দ্রষ্টব্য।

৩। (ক) বাংলাদেশ; (খ) শিল্পজাত পণ্য; (গ) পোশাক শিল্প; (ঘ) জনসংখ্যা; (ঙ) ১,৪৭,৫৭০।

৪। (ক) ১০৯ পৃষ্ঠার ২নং উত্তর দ্রষ্টব্য।
(খ) ১০৯ পৃষ্ঠার ৪নং উত্তর দ্রষ্টব্য।